ইত্তেফাক

৭০

তারিখ ... ১৩/১১/৭৯ ...
পৃষ্ঠা ... কলাম ...

# বেসরকারী শিক্ষকদের ধর্মঘট পালন

(ইত্তেফাক রিপোর্ট)

গতকাল (সোমবার) বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের আহ্বানে ঢাকাসহ দেশের অধিকাংশ বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসায় ধর্মঘট পালিত হয়। শিক্ষদের সুষম বেতন স্কেল, সুবিন্যস্ত চাকুরীবিধি, বৈষম্যমূলক শিক্ষা ব্যবস্থার অবসান ঘটাইয়া শিক্ষার সুযোগের সমতা বিধান, শিক্ষা উপকরণসহ নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদির মূল্যের উর্ধ্বগতি রোধ ও শিক্ষা ব্যবস্থা জাতীয়করণসহ ফেডারেশনের ৫ দফা দাবী বাস্তবায়নের লক্ষ্যে গতকাল ও

(৮ম পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## শিক্ষকদের ধর্মঘট

(১ম পৃঃ পর)

আজ (মঙ্গলবার) প্রতীক ধর্মঘট পালনের কর্মসূচী গ্রহণ করা হয়।

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়ঃ "বিভিন্ন জেলা, মহকুমা, থানা ও দেশের প্রত্যন্ত অঞ্চল হইতে প্রাপ্ত খবরে দেশের সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানে সাফল্যজনকভাবে ধর্মঘট পালিত হয়।"

বাসস বাংলাদেশ বেসরকারী কলেজ শিক্ষক সমিতির এক প্রেস বিজ্ঞপ্তির উদ্ধৃতি দিয়া জানান, ঢাকা শহরের ৩৩টি বেসরকারী কলেজের মধ্যে মাত্র ৩টি কলেজে ধর্মঘট পালিত হইয়াছে।

### সরকারী কলেজ শিক্ষক সমিতি

গত রবিবার বেগম বদরুন্নেসা মহিলা কলেজে বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক সমিতির কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটি ও কেন্দ্রীয় সংগ্রাম পরিষদের এক যৌথ সভা সমিতির সভানেত্রী অধ্যাক্ষা জাহান আরা বেগমের সভানেতৃত্বে অনুষ্ঠিত হয়। সভায় গৃহীত এক প্রস্তাবে আগামী ১৮ই নভেম্বরের মধ্যে সরকারী কলেজ শিক্ষকদের ন্যায়সঙ্গত দাবী-দাওয়া মানিয়া না নেওয়া হইলে ১৯শে নভেম্বর হইতে পূর্ণ ধর্মঘট পালনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।